দামুড়হুদায় শহীদ জিয়াউর রহমানের শাহাদৎ বার্ষিকী পালন ও খাবার বিতরণ

সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তমের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে দামুড়হুদায় আলোচনা সভা, দোয়া মাহফিল এবং দুস্থ ও অসহায় মানুষের মাঝে খাবার বিতরণ কর্মসূচি পালন করেছে দামুড়হুদা উপজেলা বিএনপি।
শনিবার দামুড়হুদা বাজারে উপজেলা বিএনপির দলীয় কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। পরে দলীয় নেতাকর্মীরা বাজার এলাকার বিভিন্ন মোড়ে মোড়ে গিয়ে দুস্থ ও পথচারীদের মাঝে খাবার বিতরণ করেন।
আলোচনা সভায় বক্তারা বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ছিলেন বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও জাতীয়তাবাদী চেতনার এক অবিস্মরণীয় নাম। মুক্তিযুদ্ধে তাঁর বীরত্বপূর্ণ অবদান, স্বাধীনতার ঘোষণা এবং পরবর্তীতে দেশের অর্থনৈতিক পুনর্গঠন ও গণতান্ত্রিক প্রতিষ্ঠা গড়ে তোলার উদ্যোগ বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে বিশেষভাবে স্মরণীয় হয়ে থাকবে। দেশের সংকটময় সময়ে নেতৃত্ব দিয়ে তিনি জাতিকে নতুন স্বপ্ন ও আত্মবিশ্বাসের পথ দেখিয়েছিলেন। বক্তারা আরও বলেন, জিয়াউর রহমানের আদর্শ ছিল আত্মনির্ভরশীল বাংলাদেশ গড়ে তোলা এবং জনগণের ক্ষমতায়নে বিশ্বাসী একটি রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠা করা। তাঁর কর্মময় জীবন ও দেশপ্রেম আগামী প্রজন্মের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসেম, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহবুবুর রহমান বাচ্চু, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, সোহেল রানা, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল হক সবুজ,নেতৃবৃন্দসহ বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।
অনুষ্ঠান শেষে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। পাশাপাশি দেশের শান্তি, সমৃদ্ধি ও জনগণের কল্যাণ কামনা করা হয়। পরে অসহায় ও দুস্থ মানুষের মাঝে খাবার বিতরণের মাধ্যমে কর্মসূচির সমাপ্তি ঘটে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গতকাল সোমবার বিকেল ৬টায় ঝিনাইদহ শহরের পায়রা চত্বরে স্থানীয় এনসিপি আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন।

গত ২২ মে ঝিনাইদহে এনসিপির কেন্দ্রীয় মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটোয়ারীর ওপর ডিম নিক্ষেপ ও হামলার ঘটনা ঘটে। ওই ঘটনায় এনসিপি ও জেলা ছাত্রদল পাল্টাপাল্টি মামলা করে। ছাত্রদলের দায়ের করা মামলায় এনসিপির কেন্দ্রীয় যুগ্ম সদস্য সচিব তারেক রেজাসহ তিনজনকে আটক করে পুলিশ। এর প্রতিবাদে সোমবারের সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে হাসনাত আবদুল্লাহ বলেন, “আইনমন্ত্রীর জেলা ঝিনাইদহ। দুঃখজনক হলেও সত্য, এখানকার আইন আদালত সরকারের একটি মহলের হাতে বন্দি হয়ে পড়েছে।”

তিনি আরও বলেন, “জুলাই গণ-অভ্যুত্থানের পর আমাদের আশা ছিল পুলিশ জনগণের বাহিনী হবে। কিন্তু এখন দেখা যাচ্ছে, পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা নিজেদের সরকারপন্থি হিসেবে উপস্থাপন করছেন।”

হাসনাত আবদুল্লাহ অভিযোগ করে বলেন, “সরকার আওয়ামী লীগের মতো বিচার বিভাগ ও পুলিশকে দলীয় এজেন্ডা বাস্তবায়নের হাতিয়ার হিসেবে ব্যবহার করছে। আওয়ামী লীগ এ কারণেই জনরোষে বিদায় নিয়েছে। বর্তমান সরকারও যদি একই পথে হাঁটে, তাহলে জনগণ তা মেনে নেবে না।”

তিনি আরও বলেন, “আজ বিএনপি, এনসিপি ও জামায়াত নিজেদের মধ্যে সংঘাতে জড়াচ্ছে, আর ভারতে বসে আওয়ামী লীগ হাসছে। জুলাই গণ-অভ্যুত্থানের পর এমন পরিস্থিতি হওয়ার কথা ছিল না।”

সংবাদ সম্মেলন শেষে এনসিপি নেতাকর্মীরা পায়রা চত্বর থেকে একটি বিক্ষোভ মিছিল বের করেন। মিছিলটি শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

এসময় বক্তব্য দেন এনসিপির কেন্দ্রীয় যুগ্ম সদস্য সচিব তারেক রেজা ও মুখ্য সমন্বয়ক রিফাত রশিদসহ অন্যান্য নেতারা।

প্রসঙ্গত, ছাত্রদল নেতার দায়ের করা মামলায় রোববার এনসিপির কেন্দ্রীয় যুগ্ম সদস্য সচিব তারেক রেজাকে গ্রেপ্তার করা হয়। সোমবার সকালে ঝিনাইদহ চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত তার জামিন মঞ্জুর করেন। তবে একই মামলায় যুবশক্তির কেন্দ্রীয় নেতা অয়ন রহমান খানের জামিন আবেদন নামঞ্জুর করা হয়।

আলমডাঙ্গায় নবাগত ইউএনও’র সাথে বিএনপি নেতৃবৃন্দের সাক্ষাৎ

আলমডাঙ্গার নবাগত উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাহীনুর আক্তারের সাথে বিএনপি নেতৃবৃন্দ সৌজন্য সাক্ষাৎ করেছেন। গতকাল বৃহস্পতিবার উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সভাপতি শহিদুল কাউনাইন টিলুর নেতৃত্বে বিএনপি নেতারা ইউএনওর সাথে সাক্ষাৎ করেন। এসময় উপজেলা বিএনপির সহসভাপতি আক্তার হোসেন জোয়ার্দ্দার, পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন, উপজেলা সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক আলী আজগর সাচ্চু, যুবদল নেতা মাগরিবুর রহমান, মহাবুল মাষ্টার প্রমুখ।

সাক্ষাৎকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা শাহীনুর আক্তার আলমডাঙ্গায় দায়িত্ব পালনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

মুজিবনগরে বিএনপি’র ‘জুলাই সনদ বাস্তবায়নে অঙ্গীকার’ শীর্ষক আলোচনা সভা

‘জুলাই সনদ বাস্তবায়নে বিএনপি’র অঙ্গীকার’ শীর্ষক এক আলোচনা সভা মেহেরপুরের মুজিবনগর পর্যটন মোটেলে অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার মুজিবনগর উপজেলা বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের উদ্যোগে এ সভার আয়োজন করা হয়। দেশের বিদ্যমান রাজনৈতিক পরিস্থিতি, জনআকাঙ্ক্ষা

এবং দলের ভবিষ্যৎ রূপরেখা বাস্তবায়নের প্রত্যয় নিয়ে সভায় বক্তারা গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক জাভেদ মাসুদ মিল্টন বলেন, “জুলাই আন্দোলনের চেতনা ও জুলাই সনদ আমাদের নতুন বাংলাদেশের পথ দেখায়। বিএনপি সবসময় জনগণের অধিকার প্রতিষ্ঠায় আপসহীন। এই সনদ বাস্তবায়নের মাধ্যমে আমরা দেশে একটি বৈষম্যহীন, গণতান্ত্রিক ও জবাবদিহিমূলক রাষ্ট্রব্যবস্থা গড়ে তুলতে অঙ্গীকারাবদ্ধ। মেহেরপুর জেলা বিএনপি জনগণের পাশে থেকে এই আন্দোলন ও রূপরেখাকে সফল করতে যেকোনো ত্যাগ স্বীকারে প্রস্তুত।”

জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান প্রধান বক্তার বক্তব্যে দলের নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে বলেন, “ফ্যাসিবাদী শক্তির পতন হলেও তাদের ষড়যন্ত্র এখনো থেমে নেই। জুলাই সনদের প্রতিটি দফা আমাদের অক্ষরে অক্ষরে বাস্তবায়ন করতে হবে। তৃণমূল পর্যায় থেকে দলকে আরও শক্তিশালী করে জনগণের ভোটাধিকার ও মৌলিক অধিকার ফিরিয়ে আনাই এখন আমাদের মূল লক্ষ্য।”

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, “মুজিবনগরের ঐতিহাসিক মাটিতে দাঁড়িয়ে আমরা আজ এই শপথ নিচ্ছি যে, দেশের গণতন্ত্র পুনরুদ্ধার এবং জুলাই সনদ বাস্তবায়নে উপজেলা বিএনপি রাজপথে অগ্রণী ভূমিকা পালন করবে। কোনো অপশক্তিই আমাদের এই অগ্রযাত্রাকে রুখতে পারবে না।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, ওমর ফারুক লিটন ও আখেরুজ্জামান, মুজিবনগর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মশিউর রহমান।

এছাড়াও বক্তব্য রাখেন জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলী, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুর রহমান, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আনোয়ারুল হক কালু, জেলা যুবদলের তথ্য সম্পাদক হাবিবুর রহমান ভিকুসহ জেলা ও উপজেলা নেতৃবৃন্দ।

সভাটি সঞ্চালনা করেন মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলাম।

আলোচনা সভায় জেলা বিএনপি, উপজেলা বিএনপি, যুবদল, ছাত্রদলসহ বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের বিপুলসংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন। বক্তারা আগামী দিনে দলের সকল কর্মসূচি সফল করতে এবং জনগণের পাশে থেকে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

মেহেরপুরে বিএনপির সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত

“দাঁড়িপাল্লা ও ধানের শীষ একসাথে চলতে পারে না” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরে বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে এ মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলটি শহরের কাথুলী বাসস্ট্যান্ড থেকে শুরু হয়ে কোর্ট চত্বরে গিয়ে শেষ হয়।

এর আগে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক সংসদ সদস্য ও বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য মাসুদ অরুন।

তিনি বলেন, “ধানের শীষে যারা ভোট দিয়েছেন আমি শুধু তাদের ঐক্যবদ্ধ থাকার কথা বলি। ধানের শীষে যারা ভোট দিয়েছেন তারা ঐক্যবদ্ধ থাকবেন। আর বিএনপির নামে যারা দাঁড়িপাল্লায় ভোট দিয়েছেন, তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।”

তিনি আরও বলেন, মহান মুক্তিযুদ্ধের চেতনা এবং ফ্যাসিবাদবিরোধী জুলাই গণঅভ্যুত্থানের চেতনাকে সামনে রেখে একটি নতুন বাংলাদেশ গড়তে বিএনপি কাজ করছে।

সমাবেশে স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

ঝিনাইদহে বিএনপির লিফলেট বিতরণ

জুলাই সনদ নিয়ে অপপ্রচারের প্রতিবাদে ঝিনাইদহে লিফলেট বিতরণ করেছে বিএনপি। দলটির কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে সকালে শহরের এইচ এস এস সড়কের জেলা বিএনপির কার্যালয়ের সামনে থেকে লিফলেট বিতরণ শুরু করেন জেলা শাখার নেতৃবৃন্দ।

শহরের পায়রা চত্বর, পোস্ট অফিস মোড়, আরাপপুর ও কেন্দ্রীয় বাস টার্মিনালসহ বিভিন্ন জনবহুল এলাকায় সাধারণ মানুষ, ব্যবসায়ী ও পথচারীদের মাঝে লিফলেট বিতরণ করা হয়।

সেসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনাসহ নেতৃবৃন্দ।

নেতৃবৃন্দ বলেন, জুলাই জাতীয় সনদের প্রতিটি বিষয় বিএনপি আন্তরিকতার সঙ্গে বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। কিন্তু একটি মহল উদ্দেশ্যপ্রণোদিতভাবে এ বিষয়ে বিভ্রান্তিকর তথ্য ও অপপ্রচার চালাচ্ছে।

সাধারণ মানুষের কাছে প্রকৃত তথ্য তুলে ধরতেই এই লিফলেট বিতরণ কর্মসূচি পালন করা হচ্ছে। লিফলেটে জুলাই সনদের যেসব বিষয় বিএনপি ইতোমধ্যে বাস্তবায়ন করেছে, সেগুলো তুলে ধরা হয়েছে।

পাশাপাশি গণভোটের নামে জনগণের সঙ্গে কোন কোন বিষয়ে প্রতারণার চেষ্টা করা হচ্ছে, তাও স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে বলে জানান তারা।

মেহেরপুরে নারীর অধিকার বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত

“বৈষম্যহীন সমাজ গড়ি, প্রান্তিক নারীর অধিকার নিশ্চিত করি” প্রতিপাদ্যে মেহেরপুরে নারী শান্তি সহায়ক প্ল্যাটফর্মের উদ্যোগে রাজনৈতিক, ধর্মীয় ও জাতিগত দৃষ্টিকোণ থেকে নারীর অধিকার বিষয়ক

আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে নারী শান্তি সহায়ক প্ল্যাটফর্মে আয়োজনে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের সহযোগিতায় এবং এফসিডিও’র অর্থায়নে আয়োজিত অনুষ্ঠানে বিভিন্ন শ্রেণি-পেশার নারী নেত্রী, সামাজিক ও রাজনৈতিক প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

সূমী বিশ্বাসের সভাপতিত্বে এবং আফরোজা পারভীন কাকলির সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক ও মেহেরপুর সরকারী কলেজের সাবেক ভিপি মো. জাহাঙ্গীর বিশ্বাস।

এছাড়াও যশোর রিজিওনের আঞ্চলিক সমন্বয়কারী মো. খোরশেদ আলম, পিএফজি সদস্য মো. আলতাফ হোসেন, মামলাত হোসেন, পিএফজি সদস্য ও পূজা উদযাপন পরিষদের আহ্বায়ক সনজিত পাল বাপ্পি, মহিলা কাউন্সিলর প্রার্থী পারুলা খাতুন, পলি আক্তার বেদানা, সোনিয়া আক্তার সোমেনা এবং প্রধান শিক্ষিকা রূত ছবি বিশ্বাসসহ নারী শান্তি সহায়ক প্ল্যাটফর্মের সদস্যবৃন্দ, স্থানীয় নারী নেত্রী, সামাজিক সংগঠক, যুব প্রতিনিধি, ধর্মীয় ব্যক্তিত্ব এবং বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

আলোচনায় বক্তারা বলেন, নারীরা এখনও বিভিন্ন ক্ষেত্রে বৈষম্য ও সহিংসতার শিকার হচ্ছেন। রাজনৈতিক, ধর্মীয় ও জাতিগত ভিন্নতা থাকা সত্ত্বেও নারীদের সমঅধিকার ও নিরাপদ অংশগ্রহণ নিশ্চিত করতে সবাইকে একযোগে কাজ করতে হবে। বিশেষ করে প্রান্তিক নারীদের অধিকার প্রতিষ্ঠায় সমাজের সকল স্তরের মানুষের সক্রিয় ভূমিকা প্রয়োজন।

মেহেরপুরে ৬ নং ওয়ার্ড বিএনপির ঈদ পরবর্তী শুভেচ্ছা ও

মতবিনিময় সভা

সংগঠন ও সংগ্রামকে এগিয়ে নিয়ে জনগণের বৃহত্তর ঐক্য গড়ে তোলার লক্ষ্যে মেহেরপুর পৌরসভার ৬ নম্বর ওয়ার্ড বিএনপির উদ্যোগে ঈদ পরবর্তী শুভেচ্ছা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার দলীয় কার্যালয়ের মিলনায়তনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক ও মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।

সভায় বক্তারা সংগঠনকে আরও শক্তিশালী করা, তৃণমূল নেতাকর্মীদের ঐক্যবদ্ধ রাখা এবং চলমান রাজনৈতিক কর্মকাণ্ডে সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান।

অনুষ্ঠানে ওয়ার্ড বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।